

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২৩

টেলিফোন : ০২-৪৮৩১৩১৩১

২০২৩ শিক্ষাবর্ষে বিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত সকল কাজ যেমন ভর্তি আবেদন ফরম পূরণ, সাবমিট, ফি প্রদান, ফলাফল প্রকাশ ইত্যাদি সম্পূর্ণ অনলাইনে করা হবে।

OnLine-এ আবেদন ফরম পূরণ ও সাবমিশনের তারিখ :

১৬/১১/২০২২ সকাল ১১:০০টা হতে ০৬/১২/২০২২ তারিখ বিকাল ০৫:০০ মিনিট পর্যন্ত।

যে **Web site**-এর মাধ্যমে আবেদন করতে হবে : www.gsa.teletalk.com.bd

ভর্তির শ্রেণি ও শূন্য আসন সংখ্যা :

শ্রেণি	শিফট	আসন সংখ্যা	শ্রেণি	শিফট	আসন সংখ্যা
১ম	প্রভাতি	৫৯	১ম	দিবা	৬০
৬ষ্ঠ	প্রভাতি	৫৯	৬ষ্ঠ	দিবা	৬০
-	-	-	৯ম	দিবা - ব্যবসায় শিক্ষা	৬০

বিঃ দ্রঃ - প্রথম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স অবশ্যই ৬⁺ বছর হতে হবে।

১। ভর্তি আবেদন ফি : ১১০/- (একশত দশ টাকা মাত্র) যা টেলিটক প্রি-পেইড মোবাইলে **SMS** এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

জ্ঞাতব্য :

১। আবেদন ফরমে সঠিক ও সচল মোবাইল ফোন নম্বর দিতে হবে।

২। কোটা: (ক) বিদ্যালয় সংলগ্ন Catchment area: শাহজাহানপুর, মতিঝিল, রমনা, পল্টন, সবুজবাগ, খিলগাঁও ও মুগদা থানায় বসবাসকারীদের জন্য ৪০% কোটা সংরক্ষিত থাকবে। কোটার স্বপক্ষে ভোটার আইডি/ফ্ল্যাটের মালিক প্রমাণ/সরকারি বাসা বরাদ্দের প্রয়োজনীয় কাগজ/ভাড়া বাসার প্রমাণ পত্র (ইউটিলিটি সার্ভিস এর বিল) দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্রদের (নাতী) ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে।

(গ) প্রতিবন্ধী কোটা ২% সংরক্ষিত।

৩। শিক্ষার্থী কোটার দাবিদার হলে আবেদন ফরমে কোটার জন্য সঠিক অপশন নির্বাচন করতে হবে।

৪। ভর্তি ফরম সংগ্রহের সময় ১ম, ৬ষ্ঠ, ও ৯ম শ্রেণির নির্বাচিত ছাত্রদের অভিভাবকসহ ছাত্র ও ভর্তি পরীক্ষার Applicants Copy/প্রবেশপত্র এর স্পষ্ট প্রিন্টআউট সঙ্গে আনতে হবে।

৫। ভর্তির সময় পূর্বের বিদ্যালয়ের ছাড়পত্র ভর্তি ফরমের সঙ্গে জমা দিতে হবে।

৬। আবেদনকারী একই গ্রুপের পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে এবং যে শিফটের জন্য আবেদন করবে কেবল সে শিফটে ভর্তি হতে পারবে।

৭। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর

Secondary Circular/Order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৮। লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ১০/১২/২০২২ তারিখ অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

৯। লটারিতে নির্বাচিত (সাধারণ) শিক্ষার্থীদের ১৮/১২/২০২২ এবং ১৯/১২/২০২২ প্রি. প্রভাতি শাখা : সকাল ৯:০০টা হতে ১১:০০ মিনিট ও দিবা শাখা : সকাল ১১:০০টা হতে দুপুর ১:০০টা পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হবে।

১০। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ২০/১২/২০২২ তারিখ প্রভাতি শাখা: সকাল ৯:০০টা হতে ১০:০০টা মিনিট ও দিবা শাখা: সকাল: ১০:০০টা হতে ১১:০০টা পর্যন্ত ফরম বিতরণ করা হবে। কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে (শিক্ষার্থী সহ বাবা অথবা মা) সাক্ষাতকারের জন্য উপস্থিত হতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে অপেক্ষমান তালিকা থেকে শূন্য আসন পূরণ করা হবে।